



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, চাঁদপুর  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
www.chandpur.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরী

স্মারক নং-০৫.৪২.১৩০০.০০১.২৫.০০১.২৩- ৪০৪

তারিখঃ ২০ নভেম্বর ২০২৩ খ্রিঃ

**পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তিঃ**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন আগামী ০৭ জানুয়ারী ২০২৪ ভোটগ্রহণের তারিখ ধার্য করে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সীমা প্রকাশ করেছেন। গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর বিধান অনুসারে জাতীয় সংসদ নির্বাচনের কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

- ২। পোস্টাল ব্যালটে ভোটদান: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন:
  - ক. ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;
  - খ. কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;
  - গ. বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে;
- ৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন: ভোটদানের জন্য (ক) ও (গ) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ায় সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।
- ৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করিবার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, চাঁদপুর জেলার ০৫টি সংসদীয় আসনের [২৬০ চাঁদপুর-১(কচুয়া), ২৬১ চাঁদপুর-২(মতলব উত্তর ও মতলব দক্ষিণ), ২৬২ চাঁদপুর-৩(চাঁদপুর সদর ও হাইমচর), ২৬৩ চাঁদপুর-৪(ফরিদগঞ্জ), ২৬৪ চাঁদপুর-৫(হাজীগঞ্জ ও শাহরাস্তি)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করতে পারবেন।

কামরুল হাসান  
জেলা প্রশাসক, চাঁদপুর

ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

ই-মেইল: dcchandpur@mopa.gov.bd

তারিখঃ ২০ নভেম্বর ২০২৩ খ্রিঃ

স্মারক নং-০৫.৪২.১৩০০.০০১.২৫.০০১.২৩- ৪০৪

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ৫। পুলিশ সুপার, চাঁদপুর।
- ৬। জেলা নির্বাচন অফিসার, চাঁদপুর।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁদপুর ও সহকারি রিটার্নিং অফিসার।
- ৮। জেলা তথ্য অফিসার, চাঁদপুর (গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), চাঁদপুর।
- ১০। অফিসার ইনচার্জ (সকল), চাঁদপুর।
- ১১। অফিস কপি।

জেলা প্রশাসক, চাঁদপুর

ও  
রিটার্নিং অফিসার